# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 17 July, 2025

বিএনপি ও দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে অপপ্রচারের প্রতিবাদে বাগেরহাটে বিক্ষোভ মিছিল ও পথসভা করেছে জেলা যুবদল।

বৃহস্পতিবার (১৭ জুলাই) দুপুরে শহরের স্বাধীনতা উদ্যান থেকে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের করা হয়।জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মোঃ সুজন মোল্লার নেতৃত্বে মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয় এক প্রতিবাদসভা।এতে বাগেরহাট জেলা ছাড়াও বিভিন্ন উপজেলা থেকে আগত সহস্রাধিক যুবদল নেতা-কর্মী অংশগ্রহণ করেন।

পথসভায় বক্তব্য রাখেন জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মোঃ সুজন মোল্লা।তিনি বলেন, যারা বিএনপি ও তারেক রহমানের নামে অপপ্রচার চালাচ্ছেন, তাদের উদ্দেশ্যে বলতে চাই একটি ইউনিয়নে যুবদলের যতসংখ্যক নেতাকর্মী আছে আপনাদের একটি জেলাতেও ততসংখ্যক কর্মী নেই।বিএনপি ও যুবদল কোনো অপরাধে জড়ায় না তবুও আমাদের বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে।

তিনি আরো বলেন  বলেন, যদি আবারও বিএনপি ও তারেক রহমানকে নিয়ে অপপ্রচার চালানো হয়, তাহলে যুবদল সারা দেশে কঠোর আন্দোলনের মাধ্যমে প্রতিরোধ গড়ে তুলবে, প্রয়োজনে দেশ অচল করে দেওয়া হবে।

প্রতিবাদসভা থেকে যুবদলের নেতারা সরকারের উদ্দেশ্যে অবিলম্বে মিথ্যা অপপ্রচার বন্ধের আহ্বান জানান।

যুবদল তারেক রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:58

URL: https://timestodaybd.com/public/khulna/4915775807